

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd

১৯ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১২৬.২০.২৫৫.১২-০৪

তারিখ-----

০২ জানুয়ারি ২০১৯ খ্রিঃ

প্রেরক : ওয়াসিম শেখ

সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়


কক্ষ নং-৫০৩, ৫ম তলা সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ কক্সবাজার জেলার কুতুবদিয়া আইনজীবী সমিতির সদস্যগণের জন্য ভবন নির্মাণে অনুদান প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিক্ষিত কক্সবাজার জেলার কুতুবদিয়া আইনজীবী সমিতির সদস্যগণের জন্য ভবন নির্মাণের নিমিত্ত এ বিভাগের অনুকূলে চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে ১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ কোডের ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতের বরাদ্দকৃত অর্থ হতে ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদানে সরকারের মঞ্জুরী জ্ঞাপন করছি :

শর্তাবলী :

- ক) বিশেষ অনুদান খাতে বরাদ্দকৃত এ অর্থ জেলা আইনজীবী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষরে এবং জেলা জজ, কক্সবাজার এর প্রতিস্বাক্ষরের মাধ্যমে উত্তোলন করতে হবে;
- খ) বরাদ্দকৃত অর্থ দিয়ে কুতুবদিয়া আইনজীবী সমিতির সদস্যগণের জন্য ভবন নির্মাণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;
- গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ঙ) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ভবন নির্মাণ কাজের অগ্রগতি এবং ব্যয় বিবরণী এ বিভাগ-কে অবহিত করতে হবে;
- চ) কক্সবাজার জেলার কুতুবদিয়া আইনজীবী সমিতির সদস্যগণের জন্য ভবন নির্মাণে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত/উদঘাটিত হলে সেক্ষেত্রে অনুদান কৃত অর্থ ব্যবহারকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
- ছ) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার অফিসের অনুকূলে অবিলম্বে অথরিটি ইস্যু করতঃ উহার একটি কপি এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(ওয়াসিম শেখ)

সিনিয়র সহকারী সচিব


ফোন : ৯৫৪০০০৯(অফিস)

নং-১০.০০.০০০০.১২৬.২০.২৫৫.১২-০৪

তারিখ-০২/০১/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। জেলা জজ, কক্সবাজার (সংশ্লিষ্ট আইনজীবী সমিতিতে অবহিত করণের অনুরোধ সহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক কুতুবদিয়া জেলা আইনজীবী সমিতি, কুতুবদিয়া, কক্সবাজার।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(ওয়াসিম শেখ)
সিনিয়র সহকারী সচিব